

## Leaders' Summit on Climate (April 22-23, 2021)

April 21, 2021

---

### আগামী 22 – 23 এপ্রিল, 2021 শীর্ষ স্থানীয় নেতৃত্বের জলবায়ু সম্মেলন

এপ্রিল 21, 2021

মার্কিন রাষ্ট্রপতি জোসেফ আর. বাইডেন-এর আহ্বান 22 – 23 এপ্রিল 2021 ভারুয়াল মাধ্যমে আয়োজিত জলবায়ু সংক্রান্ত শীর্ষ স্থানীয় নেতৃত্বের সম্মেলনে অংশ নেবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী 22 এপ্রিল শীর্ষ নেতৃত্বের অধিবেশনের প্রথম পর্বে ভারতীয় সময় বিকেল 5:30 থেকে সন্ধ্যা 7:30 পর্যন্ত “2030-এর লক্ষ্যে আমাদের সম্মিলিত দৌড়” শীর্ষক বিষয়ে বক্তব্য রাখবেন।

এই সম্মেলনে প্রায় 40 জন বিশ্ব নেতা অংশ নেবেন। তাঁরা মূল অর্থনৈতিক ফোরামের সদস্য দেশগুলির প্রতিনিধিত্ব করবেন। ভারত এই ফোরামের সদস্য। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রতি সংবেদনশীল দেশগুলিও এই সম্মেলনে অংশ নেবে। শীর্ষ স্থানীয় নেতৃত্ববৃন্দ জলবায়ু পরিবর্তন, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত উন্নত পদক্ষেপ, জলবায়ু সমস্যার সমাধান ও এর জন্য অর্থের ব্যবহার, প্রকৃতি নির্ভর সমাধান, জলবায়ু সুরক্ষা এবং স্বচ্ছ শক্তির প্রযুক্তিগত উদ্ভাবনের বিষয়ে মত বিনিময় করবেন।

জাতীয় পরিস্থিতিতে এবং সুস্থায়ী উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে কিভাবে বিশ্বব্যাপী অন্তর্ভুক্তিমূলক ও স্থিতিশীল অর্থনৈতিক বিকাশের সঙ্গে জলবায়ু সম্পর্কিত কার্যকলাপকে যুক্ত করা যেতে পারে সে বিষয় নিয়েও নেতৃত্ববৃন্দ চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

চলতি বছরের নভেম্বরে আয়োজিত সিওপি২৬-এ জলবায়ু সম্পর্কিত বিষয়গুলিকে কেন্দ্র করে বিশ্বব্যাপী বৈঠকের অঙ্গ হিসেবে এই শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।

এই সম্মেলনের সব পর্বই সরাসরি সম্প্রচারিত হবে এবং সংবাদমাধ্যম ও জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

নিউ দিল্লি

এপ্রিল 21, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.